

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৮

পরিচেছদঃ নবী (ﷺ) এর উযু কেমন ছিল।

باب مَا جَاءَ فِي وُضُوءِ النَّبِيِّ صلى الله عليه وسلم كَيْفَ كَانَ

## আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، وَقُتَيْبَةُ، قَالاَ حَدَّثَنَا أَبُو الأَحْوَصِ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ أَبِي حَيَّةَ، قَالَ رَأَيْتُ عَلِيًّا تَوَضَّاً فَغَسَلَ كَفَيْهِ حَتَّى أَنْقَاهُمَا ثُمَّ مَضْمَضَ ثَلاَثًا وَاسْتَنْشَقَ ثَلاَثًا وَغَسَلَ وَجْهَهُ عَلِيًّا وَوضَّاً فَغَسَلَ كَفْيَهِ ثَلاَثًا وَخَسَلَ وَجْهَهُ ثَلاَثًا وَذِرَاعَيْهِ ثَلاَثًا وَمَسَحَ بِرَأْسِهِ مَرَّةً ثُمَّ غَسَلَ قَدَمَيْهِ إِلَى الْكَعْبَيْنِ ثُمَّ قَامَ فَأَخَذَ فَضْلَ طَهُورِهِ فَشَرِبَهُ وَهُو قَائِمٌ ثُمَّ قَالَ أَحْبَبْتُ أَنْ أُرِيكُمْ كَيْفَ كَانَ طُهُورُ رَسُولِ اللّهِ صلى الله عليه وسلم . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ عُثْمَانَ وَعَبْدِ اللّهِ بْنِ زَيْدٍ وَابْنِ عَبَّاسٍ وَعَبْدِ اللّهِ بْنِ زَيْدٍ وَابْنِ عَبَّاسٍ وَعَبْدِ اللّهِ بْنِ عَمْرٍو وَالرّبُيّعِ وَعَبْدِ اللّهِ بْنِ أَنْيْسٍ وَعَائِشَةَ رِضُوانُ اللّهِ عَلَيْهِمْ .

## বাংলা

৪৮. হান্নাদ ও কুতায়বা ..... আবৃ হায়্যা থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন, আলী রাদিয়াল্লাহু আনহু কে একদিন উয় (ওজু/অজু/অযু) করতে দেখলাম। তিনি প্রথমে কবজি পর্যন্ত দুই হাত খুব পরিস্কার করে ধুইলেন। পরে তিনবার কুলী করলেন, তিনবার নাকে পানি দিলেন, তিনবার চেহারা ধুইলেন, দুই হাত তিনবার ধুইলেন, একবার মাথা মাসেহ করলেন এবং গোড়ালির হাডিড পর্যন্ত দু পা ধুইলেন, তারপর তিনি দাঁড়ালেন এবং উয়ূর অবশিষ্ট পানি নিয়ে তা দাঁড়িয়েই পান করলেন এবং বললেন আমার মনে ইচ্ছা জাগল যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পবিত্রতা অর্জনের পদ্ধতি কি ছিল তা তোমাদের দেখাই। - সহিহ আবু দাউদ ১০১-১০৫, বুখারি সংক্ষেপিত, তিরমিজী হাদিস নম্বরঃ ৪৮ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে উছমান, আবদুল্লাহ ইবনু যায়দ, ইবনু আব্বাস, আবদুল্লাহ ইবনু আমর, আয়িশা, রুবায়্যি' এবং আবদুল্লাহ ইবনু উনায়স রাদিয়াল্লাহু আনহুম থেকে হাদিস বর্ণিত আছে।

## **English**

Abu Hayyah narrated:

"I saw Ali performing Wudu. He washed his hands until he cleaned them,



then he rinsed out his mouth three times, sniffed water into his nose and blew it out three times, washed his face three times, and his forearms three times. He wiped his head once, then he washed his feet up to the ankles. Then he stood up, taking what was left over from his purification (water) and drank it while he was standing. Then he said, 'I wanted to show you how Allah's Messenger purified himself.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

₱ Link — https://www.hadithbd.com/hadith/link/?id=16371

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন